দৈনিক ইত্তেফাক

তারিখ ··· MAY 1 1 1999 ··
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আলশেফা মেডিক্যাল কলেজ ও গণবিশ্ববিদ্যালয়ের বক্তব্য

গত ৭ই মে দৈনিক ইত্তেফাকে প্রকাশিত 'প্রাইভেট মেডিক্যাল কলেজ ব্যবসা রমরমা' শিরোনামের রিপোর্ট প্রসঙ্গে আলশেফা মেডিক্যাল কলেজ এণ্ড হাসপাতাল এবং গণ-

( ৯ম পৃঃ দ্রঃ )

## আলশেফা

( ৩য় পৃঃ পর )

বিশ্ববিদ্যালয় (সাভার) লিখিত বক্তব্য দিয়াছে।

আলশেফা মেডিক্যাল কলেজের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আলীনকী বলেন, আলশেফা মেডিক্যাল কমিটির মান ও শিক্ষা কার্যক্রম মূল্যায়ন করিয়া ঢাকা বিশ্ববিদ্যালয় এই প্রতিষ্ঠানটিকে প্রাথমিক ছাত্র ভর্তির অনুমোদন প্রদান করিয়াছে। কলেজের ল্যাব মানসম্মত নয় এবং ক্ষুদ্র পরিসরের ইহার কোন বাস্তব ভিত্তি নাই। স্বাস্থ্য মন্ত্রণালয় প্রণীত তদন্ত কমিটি আলশেফা মেডিক্যাল কলেজের সম্পর্কে অনুমোদন প্রদানের সুপারিশ করিয়াছে। প্রতিবেদনটিতে দেশের বিশিষ্ট শিক্ষাবিদ বরেণ্য ব্যক্তিকে খাটো করিয়া দেখানোর প্রয়াস দুঃখজনক। সরকারের নীতিমালা সঠিকভাবে মানা হইতেছে না—প্রতিবেদকের এই বক্তব্য সর্বৈব ভুল। ভাড়া বাড়ীতে কলেজটি অবস্থিত হইলেও বাড়ীটিকে একটি সম্পূর্ণ হাসপাতালও চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানের আঙ্গিকে সাজানো হইয়াছে। ইতিমধ্যেই হাসপাতাল তৈরী করিয়া বেডের সংখ্যা বাড়ানো হইয়াছে। স্বয়ং সম্পূর্ণ ডিপার্টমেন্ট রহিয়াছে। এমতাবস্থায় এই ধরনের বিভ্রান্তিমূলক প্রতিবেদন ছাত্র-ছাত্রীসহ অভিভাবক মণ্ডলীকে দুশ্চিন্তা এবং হতাশাগ্রস্ত করিতে পারে। যাহা কাহারও কাম্য হইতে পারে না।

### গণবিশ্ববিদ্যালয়ের বক্তব্য

সাভার গণবিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার নূরল-ইসলাম তাহার বক্তব্যে বলেন, 'প্রাইভেট মেডিক্যাল কলেজ ব্যবসা রমরমা 'শিরোনামে প্রকাশিত খবরটির জন্য আমরা আন্তরিক অভিনন্দন জানাইতেছি। এ খবরটি প্রকাশিত হওয়ায় দেশের জনগণ ভুয়া মেডিক্যাল কলেজ সম্পর্কে সতর্কতা অবলম্বন করিতে পারিবেন এবং প্রতারণার হাত হইতে রক্ষা পাইবেন। তাহার বক্তব্যে উল্লেখ করেন সাভারে গণস্বাস্থ্য মেডিক্যাল কলেজ নামে কোন মেডিক্যাল কলেজ নাই। গণ বিশ্ববিদ্যালয়ে অন্যান্য অনুষদের সহিত মেডিক্যাল সায়েন্স অনুষদ রহিয়াছে যাহা শিক্ষা ও স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত।

### প্রতিবেদকের বক্তব্য

আলশেফা মেডিক্যাল কলেজের চেয়ারম্যান তাহার বক্তব্যে তাহার কলেজ ও হাসপাতাল সম্পর্কে যে আধুনিক চিত্র তুলিয়া ধরিয়াছেন তাহাতে প্রতিবেদকের সংবাদ সংগ্রহ